দৈনিক
ইনকিলাব

তারিখ 02 FEB 2015
পৃষ্ঠা ৩ কলাম ৪

# রাবিতে ২ ফেব্রুয়ারিকে শিক্ষা বাণিজ্য প্রতিরোধ দিবস ঘোষণা

রাবি রিপোর্টার : রাজশাহী বিশ্ববিদ্যালয়ে বর্ধিত ফি ও সান্ধ্যকোর্স বিরোধী আন্দোলনকে আরো বেগবান করার জন্য ২ ফেব্রুয়ারিকে শিক্ষা বাণিজ্য প্রতিরোধ দিবস হিসেবে ঘোষণা করা হয়েছে। গতকাল রোববার বেলা ১২ টার দিকে বিশ্ববিদ্যালয়ের কেন্দ্রীয় ক্যাফেটেরিয়ায় আয়োজিত এক সংবাদ সম্মেলনে সাধারণ শিক্ষার্থীদের ব্যানারে এ ঘোষণা দেন বিশ্ববিদ্যালয় শাখা প্রগতিশীল ছাত্রজোটের নেতাকর্মীরা। এতে বিশ্ববিদ্যালয়ে বেতন-ফি বৃদ্ধি ও সান্ধ্যকোর্সের নামে শিক্ষা বাণিজ্য বন্ধ করা ও শিক্ষার্থীদের নামে দায়েরকৃত মিথ্যা মামলা প্রত্যাহার করাসহ বিশ্ববিদ্যালয় প্রশাসনের নিকট তিন দফা দাবি উত্থাপন করা হয়।

সংবাদ সম্মেলনে লিখিত বক্তব্যে জোট নেতা ও ইংরেজি বিভাগের শিক্ষার্থী যারিফ মুহিব অয়ন বলেন, গত বছরের ১৬ জানুয়ারি থেকে ২ ফেব্রুয়ারি ২০১৪ পর্যন্ত চলমান শিক্ষার বাণিজ্যিকীকরণের বিরুদ্ধে সাধারণ শিক্ষার্থীদের অহিংস আন্দোলনে পুলিশ ও ছাত্রলীগ যৌথভাবে হামলা করে। এতে দুই শতাধিক শিক্ষার্থী গুলিবিদ্ধ ও ককটেলের আঘাতে আহত হয়। পরে হামলায় আহত শিক্ষার্থীদের উপরই নগরীর মতিহার থানায় মামলা দায়ের করে প্রশাসন। এরপর প্রশাসন বর্ধিত ফি প্রত্যাহারের ঘোষণা দিলেও গত এক বছরে নামে বেনামে বেতন-ফি বৃদ্ধি করা হয়েছে এবং চালু রাখা হয়েছে সান্ধ্যকোর্স। এমনকি বিশ্ববিদ্যালয়ের পক্ষ থেকে গঠিত তদন্ত কমিটি কোনো ধরণের প্রতিবেদন আজো প্রকাশ করেনি এবং এর অগ্রগতি কতটুকু তার ব্যাপারে কেউ স্পষ্ট নয়। তাই শিক্ষা বাণিজ্যের বিরুদ্ধে চলমান আন্দোলনকে আরো বেগবান করার জন্য ২ ফেব্রুয়ারিকে শিক্ষা বাণিজ্য প্রতিরোধ দিবস হিসেবে পালন করার জন্য দেশের সকল শিক্ষা প্রতিষ্ঠানসহ সকল শিক্ষার্থীদের প্রতি আহ্বান জানান তিনি। এছাড়া সংবাদ সম্মেলন থেকে দিবসটি উপলক্ষে আজ সোমবার বিক্ষোভ মিছিল ও সমাবেশ করার ঘোষণা করা হয়।